

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৬৫

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (ৠৄঃ) এর কতিপয় দু'আর নমুনা

আরবী

وَعَنْ أَبِي الْفَضْلِ الْعَبَّاسِ بْنِ عَبدِ الْمُطَّلِبِ قَالَ : قُلْتُ : يَا رَسُوْلَ اللهِ عَلِّمْنِي شَيْئاً أَسْأَلُهُ اللهَ تَعَالٰى، قَالَ سَلُوا اللهَ الْعَافِيَةَ فَمَكَثْتُ أَيَّاماً، ثُمَّ جِئْتُ فَقُلتُ : يَا رَسُوْلَ اللهِ عَلِّمْنِي شَيْئاً أَسْأَلُهُ اللهَ تَعَالٰى قَالَ لِيْ يَا عَبَّاسُ يَا عَمَّ رَسُولِ اللهِ سَلُوا اللهَ العَافِيةَ في الدُّنيَا وَالآخِرَةِ رواه الترمذي وقال حديث حسن صحيح

বাংলা

(৩৬৬৫)আবূল ফাযল আব্বাস ইবনে আব্দুল মুন্তালিব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, একদা আমি বললাম, 'হে আল্লাহর রসূল! আমাকে এমন জিনিস শিক্ষা দান করুন, যা মহান আল্লাহর কাছে চেয়ে নেব।' তিনি বললেন, ''আল্লাহর নিকট নিরাপত্তা চাও। অতঃপর আমি কিছুদিন থেমে থাকার পর পুনরায় এসে বললাম, 'হে আল্লাহর রসূল! আমাকে এমন জিনিস শিখিয়ে দিন, যা আল্লাহর কাছে চেয়ে নেব।' তিনি আমাকে বললেন, হে আব্বাস! হে আল্লাহর রসূলের চাচা! আল্লাহর কাছে দুনিয়া ও আখেরাতের নিরাপত্তা প্রার্থনা কর।

ফুটনোট

(তিরমিযী ৩৫১৪, হাসান সহীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন